Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন -১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা : ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২- ৪৬

তারিখ: ১৮ই জ্যৈষ্ঠ ১৪২৯ / ০২ জুন, ২০২২

## পরিপত্র

**বিষয়** : সিটি কর্পোরেশন এবং পৌরসভায় প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে"স্থানীয় সরকার সমূহে স্থানান্তর"এর অধীন সিটি কর্পোরেশন (অপারেশন কোড নং ১৪১০০০০০০)এবং পৌরসভা (অপারেশন কোড নং ১৪৫০৫০০০০) এর আওতায়"৩৬৩১১০৯ প্রাথমিক স্বাস্থ্য সেবাবাবদ সহায়তা" খাতে প্রাপ্ত অর্থ বরাদ্দ ও ব্যবহার নির্দেশনা।

সূত্র: ক) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.১৪.০০১.১৫ (অংশ-১) ৩০০ তারিখ: ২২মার্চ ২০২১
খ) অর্থ বিভাগ হতে প্রাপ্ত পত্রের স্মারক নং ০৭.১১১.০১৪.০১.০৩১.০১৫.২০১৮-১০ তারিখ: ০৯ জানুয়ারি ২০২২

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ অনুযায়ী সিটি কর্পোরেশন ও পৌরসভা তাদের নিজস্ব আয় এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পরিচালিত প্রকল্পের আওতায় নিজ নিজ অধিক্ষেত্রে নগর প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করছে। সূত্রোস্থ ১ ও ২ নং পরিপত্র স্মারকের অনুবৃত্তিক্রমে সিটি কর্পোরেশন এবং পৌরসভাসমূহে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের নিমিত্তে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে " স্থানীয় সরকার সমূহে স্থানান্তর এর অধীন সিটি কর্পোরেশন (অপারেশন কোড নম্বর- ১৪১০০০০০০) এবং পৌরসভা (অপারেশন কোড নম্বর- ১৪৫০৫০০০০) এর আওতায় "৩৬৩১১০৯ প্রাথমিক স্বাস্থ্যসেবা বাবদ সহায়তা" শীর্ষক অর্থনৈতিক কোড সৃজন করা হয়েছে।

বাংলাদেশের নগর স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন ও পৌরসভা) এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা, পরিবার কল্যাণ সেবা কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটের অর্থ বরাদ্দ প্রদান ও ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে :

(১) স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে "৩৬৩১১০৯ প্রাথমিক স্বাস্থ্যসেবা বাবদ সহায়তা" খাতে প্রাপ্ত অর্থ সিটি কর্পোরেশন এবং পৌরসভাসমূহের জনসংখ্যা, আয়তন ও প্রযোজ্যক্ষেত্রে প্রাথমিক স্বাস্থ্যসেবা গ্রহীতার সংখ্যার ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক এসকল প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দ প্রদান করা হবে।

(২) প্রাথমিকভাবে আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতাভুক্ত এলাকায় প্রাপ্ত অর্থ বরাদ্দ প্রদান করা হবে। পরবর্তীতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে সকল সিটি কর্পোরেশন এবং পৌরসভায় অর্থ বরাদ্দ প্রদান করা হবে।

(৩) বরাদ্দকৃত অর্থ নগর প্রাথমিক স্বাস্থ্যসেবা খাতে ব্যয় করতে হবে। উক্ত বরাদ্দ অন্য কোন খাতে ব্যয় করা যাবেনা।

(৪) প্রাথমিক স্বাস্থ্যসেবা বলতে প্রজনন স্বাস্থ্যসেবা, নবজাতক ও শিশু স্বাস্থ্যসেবা, পুষ্টিসেবা, সংক্রামক রোগ নিয়ন্ত্রণ, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ, সাধারণ রোগের চিকিৎসা, স্বাস্থ্য শিক্ষা ও যোগাযোগের মাধ্যমে আচরণ পরিবর্তন সেবা, রোগ নিরূপণ সেবা, এ্যাম্বুলেন্স সেবা, পরিবার কল্যাণ সেবা ইত্যাদিকে বুঝাবে।

(৫) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এবং পৌরসভাকে বরাদ্দকৃত অর্থ আবশ্যিকভাবে সংশ্লিষ্ট অর্থ বছরের মধ্যে ব্যয় করতে হবে। অব্যয়িত অর্থ ৩০ জুনের মধ্যে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিতে হবে। ১৫ জুলাই এর মধ্যে ব্যয়িত অর্থের প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

০২। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো।

০২/০৬/২০২২

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব
স্থানীয় সরকার বিভাগ

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

পত্র সংখ্যা ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২- ৪৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, স্বাস্থ্যশিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক,(পরিকল্পনা, পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন অনুবিভাগ)স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
১০. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার,ঢাকা।
১১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. প্রধান নির্বাহী কর্মকর্তা,............................ সিটি কর্পোরেশন (সকল)।
১৩. প্রকল্প পরিচালক,আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট (২য় পর্যায়), নগর ভবন(৬ষ্ঠ তলা), ফুলবাড়িয়া, ঢাকা।
১৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/২/৩), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
১৬.উপসচিব (বাজেট/পৌর-১/পৌর-২/সিটি কর্পোরেশন-১/২শাখা),স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৮. মেয়র................................. পৌরসভা (সকল)।
১৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০১.০৬.২০২২

শাফিয়া আক্তার শিমু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬১৩৫
ই-মেইল:urbandevelopment1@lgd.gov.bd